

জেলা প্রাণিসম্পদ দপ্তর
যশোর।
প্রাণি নং: ২৭৬
তারিখ: ০৫/০৭/২০
নথি নং: ৫২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, খুলনা বিভাগ
খুলনা।
www.dls.khulnadiv.gov.bd

নং-৩৩.০১.০০০০.০০০.২০৪.০৮.০০০৫.২২- ৩৭০

তারিখ: ০৫.০৫.২০২৬ খ্রি।

বিষয়: গবাদিপশুতে নাইট্রেট বিষক্রিয়া রোধে সচেতনামূলক কার্যক্রম পরিচালনা প্রসংগে।

সূত্র: মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা মহোদয়ের ০৩/০৫/২০২৬ খ্রি. তারিখের নং-
৩৩.০১.০০০০.০০০.১১১.৯৯. ০২৫৪.১৭.৪৩১১ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সংশ্লিষ্ট সকলকে অবগত করানো যাচ্ছে যে, গবাদিপশুতে নাইট্রেট বিষক্রিয়া রোধে কৃষক/খামারীদের মাঝে সচেতনামূলক ব্যবস্থা গড়ে তোলার জন্য মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। জরুরীভিত্তিতে উক্ত নির্দেশনা মাঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

Ataider
০৫/০৭/২০ ২৬
(ডা:মো: গোলাম হায়দার)
পরিচালক

বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর,
খুলনা বিভাগ, খুলনা।

মোবাইল: ০১৩২৪-২৮৯৮৪০
e-mail: ddlskhulna@gmail.com

প্রাপক:

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
খুলনা/বাগেহাট/সাতক্ষীরা/যশোর/নড়াইল/মাগুরা/ঝিনাইদহ
কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর।

সদয় অবগতির জন্য:

- ১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

TM: ২০২০/১৩৬৮
২০২০/১৩৬৮
৪/১২/২৩

বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর
খুলনা বিভাগ, খুলনা।
প্রাপ্তি নং ৭৫
তারিখ: ১৫/১২/২০
নথি নং ১৩৬৮/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফর্মেগেট, ঢাকা।
www.dls.gov.bd

“আমিবেই শক্তি, আমিবেই মুক্তি”

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১১.৯৯.০২৫৪.১৭.৪৩১১

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩
০৩ মে ২০২৬

বিষয়: গবাদিপশুতে নাইট্রেট বিষক্রিয়া রোধে জনসচেতনামূলক কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন জেলায় (বিশেষ করে সিরাজগঞ্জসহ) দীর্ঘ খরার পর বৃষ্টিপাতের ফলে জন্মানো কচি ঘাস খাওয়ানোর কারণে গবাদিপশু হঠাৎ অসুস্থ হয়ে মৃত্যুবরণ করার ঘটনা পরিলক্ষিত হচ্ছে। সাধারণত এ ধরনের কচি ঘাসে নাইট্রেটের মাত্রা বেশি থাকে, যা গবাদিপশুর জন্য ঝুঁকিপূর্ণ। এ প্রেক্ষিতে, বৃষ্টির পরবর্তী সময়ে কচি ঘাস সরাসরি গবাদিপশুকে খাওয়ানো থেকে বিরত থাকার জন্য খামারিদের মধ্যে নিম্নোক্ত বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন:


১। দীর্ঘমেয়াদি খরার পর বৃষ্টির ফলে জন্মানো কচি ঘাস সরাসরি খাওয়ানো থেকে বিরত রাখতে হবে। মাঠ থেকে সংগৃহীত কাঁচা ঘাস পশুকে খাওয়ানোর পূর্বে পরিষ্কার পানিতে ভালোভাবে ধুয়ে ২-৩ ঘণ্টা মাচার উপর রেখে রোদে শুকিয়ে নিতে হবে। এতে নাইট্রেট বিষক্রিয়ার ঝুঁকি কমবে।

২। ইউরিয়া সার প্রয়োগের পর জন্মানো কচি ঘাস খাওয়ানোর ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। ইউরিয়া দ্রুত ঘাসের শিকড় দ্বারা শোষিত হয়ে নাইট্রেট আকারে জমা হয়। ফলে এ ধরনের ঘাসে নাইট্রেটের মাত্রা বেশি থাকতে পারে। তাই সার প্রয়োগের পরপরই সেই ঘাস গবাদিপশুকে খাওয়ানো থেকে বিরত থাকতে হবে।

৩। কচি ঘাস খাওয়ানোর পর গবাদিপশু অসুস্থ হয়ে পড়লে দ্রুত নিকটস্থ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

প্রাণিসম্পদ অধিদপ্তরের উপজেলা পর্যায়ের চলমান উঠান বৈঠক, প্রশিক্ষণ ও সম্প্রসারণ কার্যক্রমের মাধ্যমে খামারিদের মধ্যে এ বিষয়ে ব্যাপক জনসচেতনতা গড়ে তোলার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হলো।

বিষয়টি অত্যন্ত জরুরি।


০৩-০৫-২০২৬
মোঃ শাহজামান খান
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল)
জেলা প্রাণিসম্পদ দপ্তর,

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১১.৯৯.০২৫৪.১৭.৪৩১১/১ (৪)

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩
০৩ মে ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, সম্প্রসারণ, সম্প্রসারণ শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।
- ২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/ ময়মনসিংহ/ সিলেট/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ চট্টগ্রাম / রংপুর।
- ৩। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লীড, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ), ইনফরমেশন এন্ড আইটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর। ইহা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।




০৩-০৫-২০২৬
মোঃ শাহজামান খান
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

স্মারক নং-৩৩.০১.৪১০০.০০০.৫৫.০০৬.২৬-৩৯২

তারিখঃ- ২৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ মে ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-
১-৮। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, যশোর সদর/ কিকরগাছা/ শার্শা/ মনিরামপুর/ কেশবপুর/ অভয়নগর/ বাঘারপাড়া/ চৌগাছা, যশোর। পত্রের নির্দেশনা অনুযায়ী গবাদিপশুতে নাইট্রেট বিষক্রিয়া রোধে সচেতনামূলক ব্যবস্থা গড়ে তোলার নিমিত্তে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(ডাঃ মোঃ সিদ্দীকুর রহমান)
জেলা প্রাণিসম্পদ অফিসার
যশোর।

ফোন নং-০২৪৭৭৭৬১৪১২
মোবাইল নং-০১৭১২-০৫০৬৯০
email: jessedj0@gmail.com

সদয় অবগতির জন্য অনুলিপি :-

১. পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, খুলনা বিভাগ, খুলনা।
২. অফিস কপি।